# মুসনাদে আহমাদ

## হাদিস নাম্বারঃ ১৯১

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا كَهْمَسٌ، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ يَحْيَى بْنِ يَعْمَرَ، عَنِ ابْنِ عُمَرَ: عَنْ عُمَرَ: أَنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ قَالَ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا الْإِيمَانُ؟ قَالَ: أَنْ تُؤْمِنَ بِاللهِ وَمَلَائِكَتِهِ، وَكُتُبِهِ، وَرُسُلِهِ، وَالْيَوْمِ الْآخِرِ، وَبِالْقَدَرِ خَيْرِهِ وَشَرِّهِ، فَقَالَ لَهُ جِبْرِيلُ: صَدَقْتَ، قَالَ: فَتَعَجَّبْنَا مِنْهُ يَسْأَلُهُ وَيُصَدِّقُهُ، قَالَ: فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: ذَاكَ جِبْرِيلُ، أَتَاكُمْ يُعَلِّمُكُمْ مَعَالِمَ دِينِكُمْ

إسناده صحيح على شرط الشيخين. كهمس: هو ابن الحسن، وابن بُريدة هو عبدُ الله
وأخرجه مسلم (8) ، وابن ماجه (63) ، والترمذي (2610) ، وابن منده في " الإيمان " (5) من طريق وكيع، بهذا الإسناد. وسيأتي تمام تخريجه برقم (367) و (368)

বাংলা

১৯১। উমার (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিবরীল জিজ্ঞাসা করলেনঃ ঈমান কী? তিনি বললেন, তুমি আল্লাহ, তাঁর ফেরেশতাকূল, তার কিতাবগুলো, তার রাসূলগণ, আখিরাত এবং অদৃষ্টের ভালো ও মন্দের প্রতি ঈমান আনবে। জিবরীল তাকে বললেন, আপনি সত্য বলেছেন। আমরা অবাক হলাম যে, সে রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসাও করছে, আবার তার সত্যায়নও করছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ উনি জিবরীল। তোমাদেরকে তোমাদের দীনের মূলনীতিগুলো শিখাতে এসেছেন।

[মুসলিম, মুসনাদে আহমাদ-১৮৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন